গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি
অধ্যক্ষ এর দপ্তর
মৎস্য বন্দর, চট্টগ্রাম
www.mfacademy.gov.bd

**নম্বর:** ৩৩.০৭.০০০০.০০০.০০১.২০.০০০২.২১.৩৩

তারিখ: ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

বিষয়: **২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সমন্বিত মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষার অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দক্রম অনুসারে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামে নটিক্যাল সায়েন্স ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৪৬তম ব্যাচে ক্যাডেট ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

সরকারি মেরিন একাডেমিসমূহে ভর্তির জন্য নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে প্রকাশিত অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দক্রম অনুসারে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য ৪৬তম ব্যাচে চূড়ান্তভাবে নির্বাচিত **১৯** জন পুরুষ ও **০৩** জন নারী প্রার্থীদের একাডেমিতে ভর্তির বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা নিম্নে প্রদান করা হলোঃ

১। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য অপেক্ষমান তালিকা হতে মেধা ও পছন্দক্রম অনুসারে নির্বাচিত প্রার্থীরা **আগামী ০৮ ও ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।**

২। মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নির্ধারিত মেডিকেল টেস্টসমূহ যথা- শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, ডোপ, শ্রবণ শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG, URINE for DA Health Screening Profile যেকোন সরকারি রেজিস্টার্ডভুক্ত মেডিকেল ল্যাব/ প্যাথলজি হতে সম্পন্ন করে মেডিকেল রিপোর্ট একাডেমিতে ভর্তির সময় জমা দিতে হবে। স্বাস্থ্য পরীক্ষা সংক্রান্ত সকল ব্যয় প্রার্থীদের বহন করতে হবে।

৩। একাডেমিতে ভর্তির সময় **অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, অগ্রণী ব্যাংক লিমিটেড, ইছানগর, চট্টগ্রাম** বরাবর অফেরতযোগ্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পে-অর্ডার করতে হবে এবং পে-অর্ডারের মূল কপি একাডেমির ভর্তি কমিটির নিকট জমা প্রদান করতে হবে। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং কোর্স সম্পন্নের পূর্ণাঙ্গ ব্যয় বিবরণী পরবর্তীতে একাডেমির ওয়েব সাইটে প্রকাশিত হবে এবং সে অনুযায়ী নির্ধারিত সময় অন্তর অন্তর কিস্তিতে মোট কোর্স ফি পরিশোধ করতে হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্মোক্ত মূল সনদ ও নম্বর ফর্দ্দ জমা দিতে হবেঃ
- ক) মেরিন ক্যাডেট ভর্তি পরীক্ষার এডমিট কার্ড - ০১ কপি।
- খ) মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- গ) উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বর ফর্দ্দ - প্রত্যেকটির ০২ টি ফটোকপিসহ
- ঘ) জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি - ০২ কপি
- ঙ) নাগরিকত্ব সনদ - ০১ কপি
- চ) অবিবাহিত প্রমাণের সনদপত্র - ০১ কপি
- ছ) পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র - ০১ কপি
- জ) পাসপোর্ট সাইজের ছবি - ০৪ কপি

৫। একাডেমিতে ভর্তির সময় প্রার্থীদের মূল আবেদন ফরম (Main Application Form) একাডেমি হতে প্রদান করা হবে।

এছাড়াও এতদ্বসঙ্গে সংযুক্ত নমুনা অনুযায়ী "ইনডেমনিটি বন্ড (১৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে; নমুনা সংযুক্ত-১) এবং অঙ্গীকারনামা (৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে, নমুনা সংযুক্ত-২) যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৬। International Maritime Organization (IMO) এর Protocol অনুযায়ী **প্রার্থীর সুস্থতা সম্পর্কে ভর্তির সময় হাঁপানী, মৃগীসহ ক্রনিক রোগে আক্রান্ত নয় মর্মে** অভিভাবক কর্তৃক ঘোষণাপত্র/প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে (নমুনা সংযুক্ত-৩)। এছাড়াও একাডেমিতে অবস্থানকালীন/অধ্যয়নরত অবস্থায় জরুরি চিকিৎসার ক্ষেত্রে হাসপাতালে চিকিৎসা শুরু করার অনুমতি পত্র (নমুনা সংযুক্ত-৪)।

৭। একাডেমিক ০২ বছর মেয়াদী প্রি-সী ট্রেনিং সফলভাবে সমাপ্তির পর ও পরবর্তীতে বিএসসি অনার্স কোর্স শেষে জাহাজে/অন্যান্য সেক্টরে চাকুরী প্রাপ্তির দায়িত্ব প্রার্থীর নিজের। অত্র প্রতিষ্ঠান এ বিষয়ে দায়বদ্ধ নয়। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য হেল্প লাইন নম্বর: ০১৫৫৭-৬৩৬৮৫৭; ০১৩১৩-৩৫২০০৩।

০৫-০২-২০২৬
ক্যাপ্টেন ফাইজ উদ্দিন আহমেদ, (এন),
বিসিজিএম, পিএসসি, বিএন
অধ্যক্ষ

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ক্যাডেট ভর্তি কমিটি, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এবং
২। সকল নোটিশ বোর্ড, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।